

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৮
www.lawjusticediv.gov.bd

নং- ১০.০০.০০০০.১৩২.১০.০২৩.১৮.৪৫৫

তারিখ: ১৩ অক্টোবর ১৪৩১
২৮ নভেম্বর ২০২৪

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
কক্ষ নং-৫০৩, হিসাব ভবন, সেকশন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ আইন ও বিচার বিভাগের কর্মকর্তাগণের নগদায়ন ভাতা উত্তোলনের মঞ্জুরি প্রদান প্রসঙ্গে।

উর্পযুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশিত হয়ে, সরকারি টেলিফোন, সেলুলার, ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালা ২০১৮” এর দ্বিতীয় পরিচ্ছেদ ১৫ ক এর (গ-ছ) এবং খ এর (ক-চ) ও ১৬ অনুচ্ছেদ অনুযায়ী আইন ও বিচার বিভাগের হিসাব রক্ষণ কর্মকর্তার আবাসিক টেলিফোনের বিপরীতে পরিপত্রের শর্তাবলী অনুসরণ সাপেক্ষে তাঁর মাসিক বেতন বিলের সাথে নিম্নরূপভাবে নগদায়ন ভাতা উত্তোলনের মঞ্জুরি জ্ঞাপন করা হলো।

ক্রম নং	আবেদনকারী কর্মকর্তার নাম ও পদবী	টেলিফোন নম্বর	কার্যকরের তারিখ	নগদায়ন ভাতার পরিমাণ
১.	জনাব মোঃ আবু তাহের হিসাব রক্ষণ কর্মকর্তা	০২৭২৭২২৮৮	০১.১১.২৪	১,২০০+১৮০= ১,৩৮০/- টাকা

২। আবাসিক টেলিফোন নীতিমালার আলোকে উপরোক্ত টেলিফোন সমূহের বিল সরকারিভাবে পরিশোধ করা হবে না। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ব্যক্তিগতভাবে টেলিফোন বিল পরিশোধ করবেন বিধায়, তাঁদের আবাসিক/দাপ্তরিক ঠিকানায় বিল প্রেরণের জন্য চীফ জেনারেল ম্যানেজার, ঢাকা টেলিযোগাযোগ অঞ্চল (দক্ষিণ), রমনা/(উত্তর), গুলশান, ঢাকা-কে অনুরোধ করা হলো।

৩। টেলিফোন নগদায়ন ভাতা গ্রহণকারী কর্মকর্তা প্রতিমাসে আবাসিক টেলিফোনের বিল বি.টি.সি.এল. এর অনুমোদিত ব্যাংকে ব্যক্তিগতভাবে পরিশোধ করে ব্যাংকের সীল ও স্বাক্ষর সম্বলিত পরিশোধিত বিলের ১ কপি হিসাব শাখা ও বিচার শাখা-৮ এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৪। উক্ত ব্যয় ২০২৪-২০২৫ অর্থ বছরের আইন ও বিচার বিভাগের ১২১০১০১১০৪৪১৯-সচিবালয় কোডের ৩২১১১২০ টেলিফোন খাতে বরাদ্দকৃত অর্থ হতে পরিশোধ যোগ্য।

৫। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৪ জুন ২০১৮ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১১১.১০.০১০.১৫-৩৪৪ নং স্মারকে সংশোধিত সরকারি টেলিফোন, সেলুলার, ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালা জারীর তারিখ হতে কার্যকর হবে। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ বকেয়া হিসাবে টেলিফোন নগদায়ন ভাতা প্রাপ্য হবেন। যে সমস্ত কর্মকর্তার আবাসিক টেলিফোন সংযোগ নাই তাঁদের ক্ষেত্রে সংযোগ প্রাপ্তির তারিখ হতে টেলিফোন নগদায়ন ভাতা কার্যকর হবে।

৬। সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

58/1/—

(আশফাকুর রহমান)

সিনিয়র সহকারী সচিব

তারিখঃ ২৮ নভেম্বর ২০২৪

নং-১০.০০.০০০০.১৩২.১০.০২৩.১৮.৪৫৫

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ-

১। জনাব মোঃ আবু তাহের, হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।

২। চীফ জেনারেল ম্যানেজার, ঢাকা টেলিযোগাযোগ অঞ্চল (পূর্ব), খিলগাঁও, ঢাকা।

৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।

৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।

৫। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

58/1/2024

(আশফাকুর রহমান)

সিনিয়র সহকারী সচিব